

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩১৫০

পর্ব-১৩: বিবাহ (النَّكَاحُ)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - বিয়ের প্রচার, প্রস্তাব ও শর্তাবলী প্রসঙ্গে

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «كُلُّ خُطْبَةٍ لَّيْسَ فِيهَا تَشَهُّدٌ فَهِيَ كَالْيَدِ الْجَذْمَاءِ» . رَوَاهُ التَّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

বাংলা

৩১৫০-[১১] আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে খুৎবায় তাশাক্ষুদ (আল্লাহর প্রশংসা জ্ঞাপন) নেই, তা কাটা হাতের ন্যায়। (তিরমিয়ী; তিনি বলেছেন, হাদীসটি হাসান গরীব)[১]

ফুটনোট

[১] সহীহ : তিরমিয়ী ১১০৬, আবু দাউদ ৪৮৪১, সহীহ ইবনু হিবান ২৭৯৬, সহীহাহ ১৬৯, সহীহ আল জাম' ৪৫২০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘আল্লামা তুরিবিশতী (রহঃ) বলেনঃ এখানে মৌলিক তাশাক্ষুদ হলো ‘আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্লাহ-হু ওয়া আশহাদু আল্লা মুহাম্মাদার রসূলুল্লাহ-হ’ আর এর দ্বারাই আল্লাহর প্রশংসা গণ্য করা হয়। ‘আল্লামা কারী (রহঃ) বলেনঃ এ হাদীসটি আবু দাউদ, আবু হুরায়রাহ (রাঃ)-এর সূত্রে বর্ণনা করেছেন। আর কাটা হাত দ্বারা সে হাত উদ্দেশ্য যা দ্বারা ব্যক্তি কোনো উপকার পায় না। (তুহফাতুল আহওয়াফী ৩য় খন্ড, হাঃ ১১০৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68477>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন